গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড।

(শুল্ক)

তারিখ ঃ --- জ্যৈষ্ঠ,---- বঙ্গাব্দ/ ---- জুন, ২০০৮ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং -----আইন/২০০৮/----/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, উক্ত Act এর Third Schedule এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০৬ বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোণাম, প্রয়োগ ও প্রর্বতন**।- (১) এই বিধিমালা যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা Tourists Baggage (Import) Rules, 1981 এবং Privileged Persons (Customs Procedures) Rules, 2003 এর আওতাভুক্ত যাত্রী ব্যতীত সকল যাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) এই বিধিমালা ১ জুলাই,২০০৮খ্রীষ্টাব্দ/ ১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে ।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) “ব্যাগেজ” অর্থ কোন যাত্রী কর্তৃক আমদানিকৃত যুক্তিসংগত পরিমাণের খাদ্যদ্রব্য, পরিধেয়, গৃহস্থালী অথবা অন্যবিধ ব্যক্তিগত সামগ্রী;

(খ) “যাত্রী” অর্থ বিদেশ হইতে আগত কোন যাত্রী;

(গ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোন তফসিল।

৩। **আকাশ ও জলপথে আগত যাত্রীর শুল্ক কর সুবিধা**।- (১) আকাশ এবং জলপথে আগত ১২(বার) বৎসর বা তদূর্ধ্ব বয়সের যাত্রীর সংগে আনীত হাতব্যাগ, কেবিনব্যাগ এবং ৬৫ (পঁয়ষট্টি) কিলোগ্রাম ওজনের অতিরিক্ত নহে এইরূপ দুইটি কার্টন, ব্যাগ বা বস্তায় অথবা ৩২” (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট দুইটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস যোগ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যাগেজের অতিরিক্ত অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) কিলোগ্রাম ওজনের একটি স্যুটকেস, ট্রাংক, কার্টন, ব্যাগ বা বস্তায় আনীত ব্যক্তিগত ব্যবহার্য, পরিধেয় বস্ত্র, বই, সাময়িকী অথবা পড়াশুনার সামগ্রী সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস যোগ্য হইবে।

(৩) ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রীর ক্ষেত্রে অনধিক ৪০ (চল্লিশ) কিলোগ্রাম ওজনের একটি কার্টন, ব্যাগ, বস্‌বা ৩২” (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট একটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যক্তিগত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস যোগ্য হইবে।

(৪) যাত্রীর সংগে আনা হয় নাই এমন ব্যাগেজ তফসিল ১ এ বিধৃত ফরমে ঘোষণা প্রদান ও এই বিধিমালার সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে এবং উক্ত ব্যাগেজ খালাসের সময় ঘোষণা পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৫) একজন যাত্রী তফসিল ২ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে এবং তফসিল ১ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য উক্ত তফসিলে উল্লিখিত শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন।

(৬) একজন বিদেশী নাগরিক এক বোতল অথবা ৫০০ এম,এল পর্যন্ত মদ বা মদ্য জাতীয় পানীয় (যেমন- স্পিরিট, মদ, বিয়ার, ইত্যাদি) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৭) কোন যাত্রী তফসিল ১ এবং তফসিল ২ এ উল্লিখিত পণ্য বিদেশ হইতে সংগে না আনিয়া থাকিলে তফসিল ৩ এ বিধৃত ফরমে উল্লেখক্রমে তাহা বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে যাত্রী আগমনের ৭(সাত) কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে পারিবেন।

(৮) একজন যাত্রী তাহার পেশাগত কাজে ব্যবহার্য এবং সহজে বহনযোগ্য যন্ত্রপাতি সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৯) একজন যাত্রী অনধিক ২০০(দুইশত) গ্রাম ওজনের স্বর্ণ অথবা রৌপ্যের অলংকার (এক প্রকার অলংকার ১২ টির অধিক হইবে না) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(১০) একজন যাত্রী বিদেশ হইতে দেশে আগমনকালে অনধিক ২০(বিশ) কিলোগ্রাম ওজনের রৌপ্যবার বা রৌপ্যপিন্ড সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন।

(১১) ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রী বিধি-৩ এর উপ-বিধি (৩) এ উলিখিত সুবিধা ব্যতীত অন্য কোন সুবিধা পাইবেনা।

৪। **স্থল পথে আগত যাত্রীর জন্য সুবিধা।**- বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে স্থলপথে আগত একজন যাত্রী সর্বোচ্চ ২০০ (দুই শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ ও তফসিল ২ এ উলিখিত পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে এবং তফসিল ১ উলিখিত পণ্য নির্ধারিত শুল্ক-করাদি পরিশোধ করিয়া আমদানি করিতে পারিবেন।

৫। **অসুস্থ ও পঙ্গু যাত্রীর জন্য সুবিধা।**- আকাশ, জলপথ বা স্থলপথে আগত একজন অসুস্থ, পঙ্গু অথবা বৃদ্ধ যাত্রীর ব্যবহার্য চিকিৎসা যন্ত্রপাতি ও হুইল চেয়ার সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

৬। **ক্রু, নাবিক এবং অন্যান্যদের জন্য সুবিধা।**- (১) পেশাগত দায়িত্ব পালন শেষে বিদেশ হইতে আগত বাংলাদেশ বিমানের কোন ক্রু বা কর্মকর্তা এবং বাংলাদেশের কোন বিমান বন্দরে ফ্লাইট পরিচালনাকারী কোন বিদেশী এয়ার লাইন্সে কর্তব্যরত কোন বাংলাদেশী ক্রু বা কর্মকর্তা সর্বোচ্চ ১০০ (এক শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(২) বিদেশী সমুদ্রবন্দর হইতে আগমনকারী কোন জাহাজের বাংলাদেশী নাবিক বা কর্মকর্তা সর্বোচ্চ ৩০০ (তিন শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উলিখিত নাবিক বা কর্মকর্তা সাইন অফ (sign off) করিলে সে অনূর্ধ্ব ২,০০০ (দুই হাজার) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ আরোপযোগ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবেন।

(৪) বিদেশ হইতে আগত যাত্রীবাহী বাসের চালক ও স্টুয়ার্ডগণ (হেলপার/ এ্যাসিস্ট্যান্ট) পরিধেয় বস্ত্র, বিছানা (বেডিং) ও রন্ধনকৃত খাদ্য সামগ্রী এবং সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) মার্কিন ডলার মূল্যের ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

৭। **গ্রীন এবং রেড চ্যানেল ব্যবহার**।- (১) কোন যাত্রী শুল্ক ও কর আরোপযোগ্য পণ্য বহন না করিলে তিনি বিমান বন্দরের গ্রীন চ্যানেল (যদি থাকে) ব্যবহার করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন শুল্ক কর্মকর্তা, যুক্তিসংগত সন্দেহবশতঃ গ্রীন চ্যানেল অতিক্রমকারী যে কোন যাত্রীর ব্যাগেজ পরীক্ষা করিতে পারিবেন।

৮। **সকল যাত্রীর জন্য শুল্ক ঘোষণাপত্রের বিধান**।- (১) বিদেশ হইতে আগত সকল যাত্রী শুল্ক কর্তৃপক্ষের নিকট তফসিল ১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে হইবে।

(২) যাত্রীর সংগে আনীত হয় নাই এমন ব্যাগেজ(unaccompanied baggage) এর ক্ষেত্রে কাস্টমস হল/শুল্ক এলাকা ত্যাগ করিবার পূর্বেই শুল্ক কর্তৃপক্ষের নিকট তফসিল ১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে হইবে।

(৩) ভুলবশতঃ অথবা অন্য কোন অনিবার্য কারণে উপ-বিধি(১)ও(২) মোতাবেক ঘোষণা প্রদান করা সম্ভব না হইলে আগমনের তারিখ হইতে অনধিক ২১(একুশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট যুগ্মকমিশনারের নিম্নে নহেন এমন শুল্ক কর্মকর্তার নিকট তফসিল ১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে পারিবে ।

৯। **মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি**।- এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে মৃত্যুবরণ করিলে তাহার ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর প্রদান হইতে অব্যাহতি পাইবে।

১০। **বাণিজ্যিক পরিমাণে ব্যাগেজ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর**।- এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন যাত্রী তফসিল ১ এর খ অংশে এবং তফসিল ২ এ উল্লিখিত পণ্যের অতিরিক্ত বা ভিন্ন কোন পণ্য আমদানি করিলে প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) -এর ছাড়পত্র উপস্থাপন সাপেক্ষে, ন্যায়-নির্ণয়নপূর্বক (adjudication) প্রদেয় সমুদয় শুল্ক-কর ও জরিমানা, প্রযোজ্য ক্ষেত্রে, পরিশোধ সাপেক্ষে খালাস করিতে পারিবেন।

তফসিল-১

বিধি ৩(৪),৩(৫),৪ এবং বিধি ৮ দ্রষ্টব্য

অংশ-ক

[ব্যাগেজ ঘোষণা ফরম]

[প্রযোজ্য অংশে টিক (√) চিহ্ন দিন]

১।	যাত্রীর নাম	ঃ			
২।	পিতা/ স্বামীর নাম	ঃ			
৩।	মাতার নাম	ঃ			
৪।	পাসপোর্ট নং	ঃ			
৫।	ফ্লাইট নং	ঃ			
৬।	আগমনের তারিখ	ঃ			
৭।	জাতীয়তা	ঃ			
৮।	আপনি বিগত তিন মাসে যে সকল দেশ ভ্রমণ করিয়াছেন	ঃ দেশের নাম (ক) (খ) (গ)		ভ্রমনের তারিখ	
৯।	আপনার সংগে আনীত স্যুটকেস, কার্টন, ট্রাংক, ব্যাগ এবং কেবিন ব্যাগ ইত্যাদির তথ্য	ঃ	বর্ণনা ও সংখ্যা	☐	ওজন ☐
১০।	(ক) আপনার নিকট ২০০ (দুইশত) গ্রামের বেশী ওজনের স্বর্ণ অথবা রৌপ্য অলংকার আছে কি? [উল্লেখ্য, ২০০ (দুইশত) গ্রাম ওজনের স্বর্ণ/রৌপ্য অলংকার সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য, তবে এক প্রকার অলংকার ১২(বার) টির অধিক হইবে না]	ঃ	☐	আছে	☐ নাই
	(খ) স্বর্ণ বা রৌপ্য অলংকার উপরের (ক) তে উল্লিখিত পরিমানের বেশী থাকিলে ২০০ গ্রামের অতিরিক্ত স্বর্ণ অথবা রৌপ্য অলংকারের পরিমাণ	ঃ		বর্ণনা	পরিমাণ
১১।	(ক) আপনার নিকট ২০ (বিশ) কিলোগ্রামের বেশী ওজনের রৌপ্যবার বা রৌপ্যপিন্ড আছে কি?	ঃ	☐	আছে	☐ নাই
	(খ) অতিরিক্ত রৌপ্যবার বা রৌপ্যপিন্ড এর পরিমাণ	ঃ		বর্ণনা	পরিমাণ

১২।	(ক) আপনার নিকট মদ, মদ্যজাতীয় পানীয়, সিগারেট বা মাদক দ্রব্য আছে কি ? [উল্লেখ্য, এক কার্টন (২০০ শলাকা) সিগারেট সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য]	ঃ	☐	আছে ☐	নাই
	(খ) উপরের (ক) তে উল্লিখিত পরিমাণের বেশী থাকিলে উহার বিবরণঃ	ঃ		বর্ণনা	পরিমাণ
১৩।	(ক) আপনার নিকট ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলারের বা উহার সমপরিমাণ অর্থের অধিক কোন বৈদেশিক মুদ্রা আছে কি?	ঃ	☐	আছে ☐	নাই
	(খ) উপরের (ক) তে উল্লিখিত পরিমাণের বেশী থাকিলে উহার বিবরণ এফএমজে ফরমে ঘোষণা করিতে হইবে	ঃ		বর্ণনা	পরিমাণ
১৪।	(ক) আপনার ব্যাগেজে শুল্ক বা কর আরোপযোগ্য কোন পণ্য আছে কি?	ঃ	☐	আছে ☐	নাই
	(খ) ব্যাগেজে শুল্ক বা কর আরোপযোগ্য পণ্য থাকিলে উহার বিবরণ	ঃ		বর্ণনা	পরিমাণ
১৫।	(ক) সংগে আনা হয় নাই এমন ব্যাগ, স্যুটকেস, ট্রাংক, কার্টন, ইত্যাদির তথ্য	ঃ		সংখ্যা	ওজন
	(খ) এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নম্বর ও তারিখ				

যাত্রীর স্বাক্ষর (পাসপোর্ট অনুসারে) ঃ

তারিখ ঃ

সুপারিনটেনডেন্ট অব কাস্টমস

অংশ-খ

[শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা]

(ক) ব্যক্তিগত এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত হয়না এমন কোন পণ্য।

(খ) দুইটি স্যুটকেসের অতিরিক্ত স্যুটকেসে আনীত ব্যাগেজ। তবে তৃতীয় স্যুটকেসে আনীত বই পত্র, সাময়িকী বা শিক্ষার উপকরণ শুল্ক ও কর মুক্তভাবে খালাসযোগ্য।

(গ) বাণিজ্যিক পরিমাণে যে কোন পণ্য ব্যাগেজে আমদানি করা হইলে শুল্ক ও কর আদায়যোগ্য।

(ঘ) নিম্নে বর্ণিত ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য ব্যাগেজ হিসাবে আমদানি হইলেও প্রতিটির পার্শ্বে উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ শুল্ক ও কর পরিশোধ করিতে হইবেঃ

	পণ্যের বর্ণনা [১]	শুল্ক-কর [২]
১।	টেলিভিশন (CRT)	
	২১" এর উর্ধ্ব হইতে ২৯" ইঞ্চি পর্যন্ত	৬০০০/- টাকা,
২।	Plasma, LCD, TFT ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন	
	(ক) ১৭" এর উর্ধ্ব হইতে ২১" পর্যন্ত	১৫,০০০/- টাকা
	(খ) ২২"-২৯" পর্যন্ত	২০,০০০/- টাকা
	(গ) ৩০"-৪২" পর্যন্ত	৩৫,০০০/- টাকা
	(ঘ) ৪৩" থেকে তদূর্ধ্ব সাইজ	৫০,০০০/- টাকা
৩।	(ক) সাধারণ সিডিসহ এবং ২(দুই) টি স্পীকারসহ	২,০০০/- টাকা
	(খ) ৪ (চার) টি স্পীকারসহ কম্পোনেন্ট (মিউজিক সেন্টার) (সিডি/ ভিসিডি/ ডিভিডি/এলডি/ এমডি সেট)	৮,০০০/- টাকা
	(গ) (গ) ৪ (চার) এর অধিক তবে সর্বোচ্চ ৮ টি স্পীকারসহ (মিউজিক সেন্টার)/ স্পীকার নির্বিশেষে হোম থিয়েটার (সিডি/ ভিসিডি/ ডিভিডি/ এলডি/এমডি সেট)	১৫,০০০/- টাকা
৪।	রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার	৫,০০০/- টাকা
৫।	ডিশ ওয়াশার/ওয়াশিং মেশিন/ক্লথড্রাইয়ার	৩,০০০/- টাকা
৬ ।	এয়ার কুলার/এয়ার কন্ডিশনার	
	(ক) উইনডো টাইপ (window type)	১০,০০০/- টাকা
	(খ) স্প্লিট টাইপ (split type)	২৫,০০০/- টাকা
৭ ।	ফ্যাক্সমেশিন	৫,০০০/- টাকা
৮ ।	ওভেনঃ	
	(ক) মাইক্রোওয়েভ	২,০০০/- টাকা

	পণ্যের বর্ণনা [১]	শুল্ক-কর [২]
	(খ)গ্যাস ওভেন (বার্নার সহ)	৫,০০০/- টাকা
৯ ।	ডিশ এন্টেনা	৭,০০০/- টাকা
১০ ।	রৌপ্যবার বা রৌপ্যপিন্ড(সর্বোচ্চ ২০ কেজি)	প্রতি ১১.৬৬৪ গ্রাম ৬/- টাকা
১১।	সেলুলার (মোবাইল/ফিক্সড্ ওয়্যারলেস) টেলিফোন(প্রতি সেট)	৩০০/-(তিনশত) টাকা
১২।	এয়ারগান/এয়ার রাইফেল (বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে আমদানিযোগ্য, আমদানি নীতি আদেশ ২০০৩-২০০৬ দ্রষ্টব্য)	২,০০০/- টাকা
১৩।	ঝাড়বাতি	৩০০/- টাকা (প্রতি পয়েন্ট)
১৪।	কার্পেট ১৫ বর্গমিটার পর্যন্ত	৫০০/- টাকা (প্রতি বর্গমিটার)

তফসিল-২

[বিধি ৩ (৫),৪ দ্রষ্টব্য]

[শুল্ক ও কর মুক্ত পণ্যের তালিকা ।]

ক্রমিক	পণ্যের নাম
১	ক্যাসেট প্লেয়ার/টুইনওয়ান ;
২	ডিস্কম্যান/ওয়াকম্যান (অডিও) ;
৩	বহনযোগ্য অডিও সিডি প্লেয়ার ;
৪	ডেস্কটপ/ল্যাপটপ কম্পিউটার (প্রিন্টার ও ইউপিএস সহ) ;
৫	কমপিউটার স্ক্যানার ;
৬	কমপিউটার প্রিন্টার ;
৭	ভিডিও ক্যামেরা (HD Cam, DV Cam, BETA Cam এবং Professional কাজে ব্যবহৃত হয় এরূপ ক্যামেরা ব্যতীত) ;
৮	স্টীল ক্যামেরা /ডিজিটাল ক্যামেরা ;
৯	সাধারণ/পুশবাটন/কর্ডলেস টেলিফোন সেট ;
১০	সাধারণ/ইলেকট্রিক ওভেন ;
১১	রাইস কুকার/প্রেসার কুকার ;
১২	টোস্টার/স্যান্ডউইচ মেকার/ব্লেন্ডার/ফুড প্রসেসর/জুসার/ কফি মেকার
১৩	সাধারণ ও বৈদ্যুতিক টাইপরাইটার ;
১৪	গৃহস্থালী সেলাই মেশিন (ম্যানুয়াল/ বৈদ্যুতিক) ;
১৫	টেবিল/ প্যাডেলস্টাল ফ্যান ;
১৬	স্পোর্টস সরঞ্জাম(ব্যক্তিগত ব্যবহারের জন্য)
১৭	২০০ গ্রাম ওজনের স্বর্ণ/ রৌপ্য অলংকার (এক প্রকার অলংকার ১২টির অধিক হইবে না) ;
১৮	এক কার্টন (২০০ শলাকা) সিগারেট ;
১৯	২১" পর্যন্ত (CRT) সাদাকালো/রঙ্গিন টেলিভিশন ;
২০	ভিসিআর/ভিসিপি ;
২১	ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি প্লেয়ার ;
২২	এলসিডি কমপিউটার মনিটর(টিভি সুবিধা থাকুক বা নাই থাকুক) ১৭" পর্যন্ত ।

তফসিল ৩

[বিধি ৩ (৭) দ্রষ্টব্য]

পণ্য ক্রয় সংক্রান্ত ফরম

[ঘোষিত পণ্য যাত্রী আগমনের সাতটি কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে হইবে]

১। যাত্রীর নাম ঃ

২। পাসপোর্ট নং ঃ

৩। ফ্লাইট নং ঃ

৪। আগমনের তারিখ ঃ

৫। তফসিল ১ এবং ২ ভুক্ত যেই সকল পণ্য বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে ক্রয় করিতে ইচ্ছুক (এই বিধিমালার অধীনে প্রাপ্যতা অনুসারে তফসিল ১ এবং ২ ভুক্ত যেই সকল পণ্য সংগে আনা হইয়াছে, তাহার সাথে সমন্বয় করিয়া দায়িত্বে নিয়োজিত শুল্ক কর্মকর্তা যাত্রী কর্তৃক ঘোষিত পণ্যের প্রাপ্যতা নির্ধারণ করিবেন) ঃ

ক্রমিক নং	পণ্যের বর্ণনা	সংখ্যা
১।		
২।		
৩।		
৪।		
৫।		

যাত্রীর স্বাক্ষর	ব্যাগেজ পরিদর্শকের নামের সীলসহ স্বাক্ষর	সহকারী/উপ/যুগ্ম কমিশনারের নামের সীলসহ স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(জুয়েল আহমেদ)
দ্বিতীয় সচিব (শুল্ক)।